জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বহু স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৮ম বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২রা মাঘ বুধবার ১৩৫৮ ইংরাজী 16th Jan. 1952 | ৩৪শ সংখ্যা

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২রা মাঘ বুধবার সন ১৩৫৮ সাল।

## চোর কুটুম্ব

গৃহস্থ মাত্রেরই আত্মীয় কুটুম্ব বন্ধু বান্ধব থাকে। বাড়ীতে কোন সমারোহ কার্য্য উপলক্ষে সকলকেই নিমন্ত্রণ করিতে হয়। কোন্ কুটুম্ব যে কি চরিত্রের তাহা ক্রমশঃ ব্যবহারেই বোঝা যায়। গৃহস্থের অদৃষ্টের ফেরে চোর কুটুম্বেরও সম্বর্দ্ধনা তাহাকে করিতে হয়। এক কায়স্থ মধ্যবিত্ত ব্যক্তির ছোট মেয়েটির বিবাহ। বিবাহ উপলক্ষে বড় মেয়েগুলির শাশুড়ীরাও আসিয়াছেন। তাঁদের মধ্যে একজন একটু সন্দেহের মানুষ। সুযোগ পেলেই তিনি কিছু না কিছু বগলদাবা করতে ছাড়েন না। বর আসবার সময় হয়েছে। যার বিয়ে, সেই মেয়েটিকে তার বড় দিদিরা সাজাইতে আরম্ভ করিয়াছে। গিন্নির চোর (চুন্নি) বেয়ানটি এক একখান গয়না দেখছেন আর বলছেন—বাঃ বেড়ে গয়না! আমার বউ-মাকে যা দিয়েছে, তার থেকে ঢের ভালো। বল্‌তে বল্‌তে একখানি গয়না বগলে সযত্নে রেখে দিলেন। সেই গয়না পরাবার সময় খোঁজ খোঁজ লেগে গেল। মেয়ের মা ঠিক জানেন যে—আমার সেই গুণের বেয়ান ভিন্ন এ কাজ আর কেউ করেনি। তিনি নিজের মেয়েদের বল্লেন—যাক গেছে, গেছে, আর এ নিয়ে তুমুল ক'রে কাজ নাই। কুটুম্বেরা মনে কি করবেন! বিয়ের পরে আবার গড়িয়ে দেবো। মুখে ব'লে সব কুটুম্বিনীকে নিশ্চিন্ত করিলেন, কিন্তু নজর রাখিলেন সেই গুণবতী বেয়ানটির উপর। দেখিতে পাইলেন বেয়ান বাঁ বগলটা একটু চেপে চেপে চলাফেরা করছে। তিনি ঘরে হ'তে বাহিরে যাবার পূর্ব্বেই মেয়ের মা সমস্ত সধবার কাছে তাঁদের বংশের এক স্ত্রী-আচারের কথা বল্লেন—বর আসার পূর্ব্বে সব সধবার মেয়েকে পায়ে রেখে দু'হাত তুলে নাচতে হয়, আর ক'নের মাথায় ধানদূর্ব্বা দিতে হয়। কাজেই বগলদাবা বেয়ানকে মহা বিপদে পড়তে হলো। হাত তুললেই বমাল বেরিয়ে পড়বে। যখন সকলে দু'হাত তুলে নাচছেন, উনি তখন এক হাতে বগল চেপে, অন্য হাত তুলে নাচছেন। তা দেখে মেয়ের মা তাঁকে অনুরোধ করলেন—"হাত তুলে তুলে নাচো বেয়ান! হাত তুলে তুলে নাচো।" তখন সে বগল চেপেই বলতে লাগলো "যে যেমন জানো বেয়ান সেই তেমনি নাচো।" মেয়ের মা তখন ঠাট্টার ছলে ওর বগলচাপা হাতখানা ধরে উপর দিকে তুলে দিতেই লুকানো গয়নাখানা ঠক ক'রে মাটিতে পড়ে গেল। বুদ্ধিমতী গিন্নির ফন্দীর গুণে চোর ধরা পড়লো, সবাই বুঝলো কে মেয়ের গয়না নিয়েছিল। বেয়ানের সাজা আদালতে না হইলেও লোকসমাজে তাহাকে সবাই চিনে নিল।

নেহেরুজী এবং তাঁহার গুণমুগ্ধ চেলাচামুণ্ডারা জোর গলায় ঘোষণা করিয়াছিলেন—"সাধারণ নির্ব্বাচন যাহাতে নিরপেক্ষ ও দুর্নীতিমুক্ত হয়, সেদিকে পুরোপুরি নজর রাখা হইবে।" এখন বাঙলার ভাত কাপড়ের মন্ত্রীদ্বয় যে য কেন্দ্রে নির্ব্বাচনপ্রার্থী সেই সেই কেন্দ্রে বাক্স ভাঙ্গা, সিল না করতে দেওয়া, সিল কেড়ে নেওয়া খবরের কাগজের পৃষ্ঠায় ঘোষিত হইল। ভোট গণনার লম্বা সময় লওয়া দেখিয়া সকলে সন্দেহ প্রকাশ করায় সরকারী এক মুখপাত্র বলিলেন—ভয় নাই সব পুলিশ পাহারায় হইতেছে। লোক কম থাকায় গণনায় বিলম্ব হওয়া স্বাভাবিক। তাঁর এই ঘোষণার পর দিনই কাগজে বাহির হইল মেদিনীপুরে নিকুঞ্জ মাইতী মন্ত্রীর নির্ব্বাচন কেন্দ্র হইতে অপরপক্ষের ১৪টী বাক্স নিখোঁজ। এবার সরকারী বিবৃতি বলে—ভোট গ্রহণের পূর্ব্বেই ১৪টী বাক্স সরিয়া গিয়াছে। এ সব বাক্স কি পুলিশ হেপাজতে আসে নাই? ভোট কেন্দ্রের কত গজ দূর পর্য্যন্ত মাছি যাবার হুকুম নাই, সেই সব স্থানে এ সব অপকর্ম্ম কে বা কাহারা করিল? তবে কি প্রকাশ্য দিবালোকে কলিকাতার ডাকঘর, ব্যাঙ্ক প্রভৃতি হইতে যারা টাকা লুট করিয়া পুলিশ ও সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন করে সেই সব লোক এই সব নির্ব্বাচন ক্ষেত্রে কিস্মত দেখাবার জন্য আসিয়াছে নাকি!

সেই বিয়ে বাড়ীর গিন্নির মত চোর ধরা গিন্নি কি বাঙলা সরকারের ঘরে নাই? থাকলেও যেন তিনি গোড়া হইতে বউ-ঝিকে আস্কারাই দিয়ে আসছেন। গিন্নির নিজের চিঠির প্যাড হ'তে তার বাল্যসখা তাঁর মুখ হাসিয়ে জটাধারী বাবুকে চিঠি লিখে প্রকাশ্য দরবারে তাঁকে অধোমুখ করলো। এমনি স্নেহময়ী গিন্নি যে সেই চিঠিলেখা সখা এখনও তার সমান আদর যত্ন পাইতেছেন। গিন্নির যদি অনন্ত দোষ থাকে তবে তাঁর অধীনস্থ সকলেই আস্কারা পেয়ে গিন্নিরও উপরে যান।

হা দুঃখিনী বঙ্গমাতা! তোমার সন্তানগণের মধ্যে আজ কত ব্যভিচারী দুরাত্মার আবির্ভাব হইয়াছে! মান সম্মান বোধ নাই! আবার সত্য কথা বল্লে তাদেরই মানহানির মামলা রুজুর বহর কত! জহরলালজী যেমন বলিয়াছিলেন—ক্ষমতা পাইলে তিনি অপকর্ম্মকারীদের নিকটস্থ লাইট-পোষ্টে ফাঁসি দিবেন। আমাদেরও বিড়ালের ভাগ্যে শিকা না ছিঁড়িলেও মনে হয়—যদি ক্ষমতা পাই তবে বাদশাহী আমলের মত গলা পর্য্যন্ত পুঁতিয়া এই সব মাইনে দিয়ে পোষা চোর কুটুমদের ডাল-কুত্তা দিয়ে খাওয়াইলে তবে রাগ যায়।

## মোটর ট্রাকের চাপে বালকের শোচনীয় মৃত্যু

গত ১৩ই জানুয়ারী রবিবার বেলা আন্দাজ ১॥০ ঘটিকার সময় বালিঘাটার স্বর্গীয় ভগবতী চৌবে মহাশয়ের ১৫ বৎসর বয়স্ক পুত্র শ্রীমান্ শক্তিপদ চৌবে একখানি মোটর ট্রাকের ধাক্কায় চাকার নীচে পড়িয়া গিয়া সাংঘাতিকভাবে আহত হয়। হাসপাতালে লইয়া যাওয়ার অল্পক্ষণ পরেই তাহার মৃত্যু হয়। বালকটি রঘুনাথগঞ্জ হাই স্কুলের অষ্টম শ্রেণীতে অধ্যয়ন করিত। বালকটির শোচনীয় মৃত্যুতে সহরবাসিগণ বিশেষ দুঃখিত হইয়াছেন। মোটর চালককে পুলিশ গ্রেপ্তার করিয়া হাজতে রাখে।

## নির্ব্বাচন

জঙ্গিপুর মহকুমার সকল কেন্দ্রের নির্ব্বাচন পর্ব্ব শেষ হইয়াছে।

২৭৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৷৯ মৌজাদি ঐ ১-৮৪ শতকের কাত নিজাংশে ৩৷৯ আঃ ২০৲ থং ১১২, ১১৩

২৮৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৷৵৬ মৌজাদি ঐ ১-৩৫ শতকের কাত ১৷৶১০ আঃ ১০৲ থং ৮৪

২৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৸৵৬ মৌজাদি ঐ ২-৬৩ শতকের কাত ৬৶০ থং ১৮

২৪১ থাং ডিঃ রাজা রণেন্দ্রনারায়ণ সিংহ নশীপুর রাজ ওয়ার্ডস এষ্টেট দেং ডাঃ ফণিভূষণ গুপ্ত দিং দাবি ১১২৸৵৬ থানা সাগরদীঘি মৌজে রামভদ্রপুর ৭-৮৩ শতকের কাত ২৷৵০ আঃ ১০০৲ থং ১৪

৩৩৭ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং মালিওত সেখ দিং দাবি ১০৪৷৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৮৩ শতকের কাত ১৫৷/০ আঃ ৫০৲ থং ৫০১ অধীনস্থ থং ৫০২ রায়ত স্থিতিবান

৩৪৯ থাং ডিঃ ঐ দেং হেদাতুননেসা বিবি দাবি ১৬৷৶০ থানা সাগরদীঘি মৌজে বন্দেশ্বর ১-৫১ শতকের কাত ৫৲ আঃ ৫৲ থং ৩১ রায়ত স্থিতিবান

৩৫১ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং মন্মথনাথ মিত্র দাবি ৩০৷৶৩ থানা সাগরদীঘি মৌজে খৈরটী ২-৫৭ শতকের কাত ৮৷১৮৷০ আঃ ২৫৲ থং ২৫৯

২৭৮ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং ফকির মহম্মদ সেখ দাবি ৫৪৸৵৬ থানা ফরাক্কা মৌজে কুলী ২-০৪ শতকের কাত ৫৸৵১০ আঃ ৩০৲ থং ১৪৭৮ রায়ত স্থিতিবান।

৩৬৭ থাং ডিঃ ঐ দেং চারকড়ি দাস দিং দাবি ১৬৸/৩ থানা ঐ মৌজে বেওয়া ৩০ শতকের কাত ১৸/০ আঃ ৮৲ থং ২৬৯ রায়ত স্থিতিবান।

৩৬০ থাং ডিঃ ঐ দেং মহম্মদ আবুল হায়াত খাঁ চৌধুরী দিং দাবি ৬০৮৲৬ মৌজাদি ঐ ১৭৪-৬২ শতকের কাত ২৭২৸৬ আঃ ৫০০৲ থং ১২৮২, ১২৮৩ ১৩৯ অধীনস্থ মধ্যস্বত্ব চিরস্থায়ী জোত

৩৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৭৸/৩ থানা ফরাক্কা মৌজে শ্রীমন্তপুর ৮-২৩ শতকের কাত ১১৷/৯ আঃ ৩০৲ থং ১১৩১ অধীনস্থ ১১৩২—১১৪২—১১৩৯ খতিয়ানভুক্ত মধ্যস্বত্ব চিরস্থায়ী জোত।

৩৬১ থাং ডিঃ ঐ দেং দুলালচন্দ্র মণ্ডল দাবি ২২৷/৯ মৌজাদি ঐ ১-৭৩ শতকের কাত ৩৷৯ আঃ ১২৲ থং ২৬৪ রায়ত স্থিতিবান।

৩৬২ থাং ডিঃ ঐ দেং দুলালচন্দ্র মণ্ডল দিং দাবি ৪৪৲৯ মৌজাদি ঐ ৩-৭৫ শতকের কাত ৮৷৶৩ আঃ ২৫৲ থং ২৬৫ রায়ত স্থিতিবান।

৩৭১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৷৵০ মৌজাদি ঐ ৬৫ শতকের কাত ৸/৬ আঃ ৩৲ থং ৯৮৯ রায়ত স্থিতিবান।

৩৬৫ থাং ডিঃ ঐ দেং পঞ্চানন মিশ্র দিং দাবি ১২৲৩ মৌজাদি ঐ ৪ শতকের কাত ৷৶৯ আঃ ৩৲ থং ১০০৫ রায়ত স্থিতিবান।

৩৬৬ থাং ডিঃ ঐ দেং ওয়ারিশ সেখ দিং দাবি ১৭৷৯ মৌজাদি ঐ ২৭ শতকের কাত ১৷০ আঃ ৭৲ থং ৮৭০ রায়ত স্থিতিবান।

৩৬৮ থাং ডিঃ ঐ দেং অনুকুলচন্দ্র মণ্ডল দিং দাবি ২৯৲৩ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ৩/৩ আঃ ১৪৲ থং ৬৯৩ রায়ত স্থিতিবান।

৩৭০ থাং ডিঃ ঐ দেং লালমহম্মদ সেখ দিং দাবি ৩৩৸৵৬ মৌজাদি ঐ ১-৪৬ শতকের কাত ৩৸৵৭ আঃ ১৯৲ থং ৪৯ রায়ত স্থিতিবান।

৩৭২ থাং ডিঃ ঐ দেং তেনু ওরফে সাধু রায় দিং দাবি ২৪৵৯ মৌজাদি ঐ ২১ শতকের কাত ২৸৶৯ আঃ ১৪৲ থং ১০৯৫ রায়ত স্থিতিবান

৩৭৩ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণলাল মণ্ডল দাবি ৯৷/০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৸৵৬ আঃ ৩৲ থং ১৩৩ অধীনস্থ ১৩৪ রায়ত স্থিতিবান।

৩৬৩ থাং ডিঃ ঐ দেং কাশিম সেখ দিং দাবি ১৩৷/৩ থানা ফরাক্কা মৌজে দোহিতপুর ৩০ শতকের কাত ৷/০ আঃ ৩৲ থং ১৫১ রায়ত স্থিতিবান।

২৬৪ থাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং বন্দেশ্বরী দেবী দাবি ২৪৲ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরী ১-২২ শতকের কাত ৬৸৵৪ আঃ ১০৲ থং ২২।২

৩৫৭ থাং ডিঃ কথন ম্যানেজার বাবু মনোরঞ্জন সেন দেং মৌলভী দেরাগতুল্লা সেখ দিং দাবি ১০৮৷/৬ থানা সাগরদীঘি মৌজে টিকরডাঙ্গা ৩-৪৫ শতকের কাত ১৮৷৶০ আঃ ১০০৲ থং ৭৭

৩৫৮ থাং ডিঃ ঐ দেং গিয়াসুদ্দিন বিশ্বাস দিং দাবি ১৪৫৸৵৩ থানা সাগরদীঘি মৌজে গড়ের পাহাড় ৪-০৯ শতকের কাত ২৩৷০ আঃ ১২৫৲ থং ৫১ অধীনস্থ থং ১৫৮।১৫৯।১৬০

৩৮০ থাং ডিঃ রিসিভার নৃসিংহকুমার সিংহ দেং আনোয়ার আলি মির্জা দাবি ৪২৵৩ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১-২০ শতকের কাত ৬৶০ আঃ ৩৫৲ থং ১১৯

৩৮২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৮৸৯ মৌজাদি ঐ ১-৬২ শতকের কাত ৭৷০ আঃ ৪০৲ থং ১১৫

৩৮৩ থাং ডিঃ ঐ দেং হরিময়ী ঘোষ দিং দাবি ২৮৫৶০ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ১০-৪২ শতকের কাত ৪৯৲ আঃ ২৪০৲ থং ৮।১৪।১৭।১০৫

৩৫৪ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেং নরসিংহ ভকত দিং দাবি ৬২৶৬ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ৩-০৪ শতকের কাত ৯৶৫ আঃ ৩৫৲ থং ৬৫

২৭৯ থাং ডিঃ হাজি সেখ আবদুল আজিজ দেং ভোলানাথ সাহা দিং দাবি ৩০৸৶৬ থানা সাগর-দীঘি মৌজে খেরুর ১-১৫ শতকের কাত ৫৸৵০ আঃ ১০৲ থং ৫৫

২৩৮ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং আজিজ সেখ দিং দাবি ২৪৲৬ থানা ফরাক্কা মৌজে মহাদেব-নগর ৭ শতকের কাত ১।১৩ আঃ ৫৲ থং ৯৭

২৪৪ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং কাবা-তুল্লা মণ্ডল দাবি ৫৪৷৵৩ থানা ফরাক্কা মৌজে থাপড়া জমি জমা উল্লেখ নাই আঃ ১৫০৲ সেটেল-মেণ্ট হয় নাই।

২৫৮ থাং ডিঃ ঐ দেং নেশ মহাম্মদ বিশ্বাস দাবি ৩০৷৵০ মৌজাদি ঐ ২/০ বিঘার কাত ৩৸/০ আঃ ৫৲ সেটেলমেণ্ট হয় নাই।

২৬০ থাং ডিঃ প্রশান্তকুমার রায় নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং কৃষ্ণকনক রায় দেং উম্মর মণ্ডল দাবি ২৭।৯ থানা ফরাক্কা মৌজে থাপড়া ৫/০ বিঘার কাত ৭৷৵০ আঃ ৫৲ সেটেলমেণ্ট হয় নাই।

৩১৪ থাং ডিঃ ঐ দেং যদুনাথ মণ্ডল দাবি ১৭৶৩ মৌজাদি ঐ ২৷০ বিঘার কাত ৪৸/২ আঃ ৫৲ সেটেলমেণ্ট হয় নাই।

৩১৫ থাং ডিঃ ঐ দেং জয়ধন মণ্ডল দাবি ১৮৸৶৯ মৌজাদি ঐ ৩/ বিঘার কাত ৫৷/৪ আঃ ৫৲ সেটেল-মেণ্ট হয় নাই।

২৩২ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং শচীন দাস দিং দাবি ৪৪৷/৩ থানা ফরাক্কা মৌজে হোসেন-পুর ১৫ শতকের কাত ৷/৯ আঃ ৫৲ থং ৫

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ২৫শে জানুয়ারী ১৯৫২

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৪৭৬ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং শ্যামাচরণ নাথ দিং দাবি ১০৫৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ১-৪০ শতকের সেস ৩৵৪॥ পাই আঃ ৫০৲ থং ১০১৮

৪৮১ থাং ডিঃ ঐ দেং একড়িবালা দাসী দিং দাবি ২৬৮৬ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ২৮৶০ আঃ ২০৲ থং ৮৮৯

৩৬ মনি ডিঃ গোলাম মণ্ডল দেং খেলাফত হোসেন দাবি ১৭০।৵৩ ১নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে খিদিরপুর ১-১৩ শতকের কাত ২৮১০ তন্মধ্যে দেন্দারের ৵৮ পাই আঃ ২৫৲ থং ১০০ ২নং লাট মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৮১১ তন্মধ্যে দেন্দারের ৵৮ আঃ ২৫৲ থং ২২৮।৭০ ৩নং লাট মৌজাদি ঐ ১-৭৮॥০ শতকের কাত ৯॥৵১ পাই তন্মধ্যে দেন্দারের ৵৮ পাই আঃ ৩০৲ থং ১১২।১৬৬।১৬৭ ৪নং লাট মৌজাদি ঐ ৯৪ শতকের কাত ১॥০ আঃ ৩০৲ থং ২৯৪ অধীনস্থ ২৭৫

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২৮শে জানুয়ারী ১৯৫২

### ১৯৫০ সালের ডিক্রীজারী

১৬৭ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং সেরাজুদ্দিন বিশ্বাস দিং দাবি ২১।৩ থানা ফরক্কা মৌজে মহাদেবনগর ১১ শতকের কাত ১/১০ আঃ ৫৲ থং ৪৩৮

### ১৯৫১ সালের ডিক্রীজারী

৩২০ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং রসরণজিৎ দাস দাবি ২৮॥৵০ থানা সাগরদীঘি মৌজে ডোমাইপুর ১-৬০ শতকের কাত ৩॥/২॥ আঃ ১০৲ থং ৫৯

৩২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৶০ মৌজাদি ঐ ২ শতকের কাত ।০॥০ আঃ ৫৲ থং ৬৬ মধ্যে

৩২২ থাং ডিঃ ঐ দেং বিজয়কুমার মুখোপাধ্যায় দাবি ২৯।৵৯ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ১-৮১ শতকের কাত ৮৲ আঃ ১০৲ থং ২৪ মধ্যে

৩২৩ থাং ডিঃ ঐ দেং আবদুল মান্নান দিং দাবি ১৩/৩ থানা সাগরদীঘি মৌজে শ্যামপুর ২৮ শতকের কাত ১॥৶২ আঃ ৫৲ থং ১০০

৩২৮ থাং ডিঃ ঐ দেং আলতাব হোসেন সেখ নাঃ পক্ষে অলি মাতা ও স্বয়ং লালজান বিবি দাবি ১২।৵৯ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১/০ আঃ ৫৲ থং ৯৮

৩১৮ থাং ডিঃ ৺লক্ষ্মীনারায়ণ দেব ঠাকুরের সেবাইত প্রমথনাথ মহাতা মৃতান্তে ওয়ারিশ পুত্র বীরেন্দ্রনাথ মাহাতা দিং দেং পান্নাকুমারী রায় দাবি ১৩॥৵৯ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৬ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ৯৭

৩০৭ থাং ডিঃ বীরেন্দ্রনাথ মহাতা দেং নিকুঞ্জ বালা দাসী দাবি ১৮॥৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৩-১৪ শতকের কাত ১১॥৵১৭॥ আঃ ১০৲ থং ৩৫৮

৩৫২ থাং ডিঃ ৺লক্ষ্মীজনার্দ্দন দেব ঠাকুরের সেবাইত শ্রীজীবনকৃষ্ণ ঘোষ দিং দেং হাফিজুদ্দিন সেখ নাঃ দিং পক্ষে অলি মাতা সুন্দরী বিবি জং হাজি দোস্ত মহম্মদ দাবি ১৬/৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৩-০৭ শতকের কাত ২৮৶/১০ আঃ ৫৲ থং ২২৯

৩৮৪ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং ইসমাইল সেখ দিং দাবি ৯০৮৶/৩ থানা সাগরদীঘি মৌজে মেঘা ৩-৬৫ শতকের কাত ১৬৮/৩ পাই আঃ ৮০৲ থং ২০

৩৮৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৫/৯ মৌজাদি ঐ ১-৬৫ শতকের কাত ৬॥৵৮ আঃ ২৫৲ থং ২১

৩৮৫ থাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রকুমার অধিকারী দাবি ২২॥/০ মৌজাদি ঐ ৯০ শতকের কাত ॥/৮ আঃ ১০৲ থং ১৪৯

৩৮৬ থাং ডিঃ ঐ দেং ইসমাইল সেখ দিং দাবি ১৮৲ থানা সাগরদীঘি মৌজে রতনপুর ৫৬ শতকের কাত ১॥৵০ আঃ ১০৲ থং ৪৪

৩৮৮ থাং ডিঃ ঐ দেং হকদাদ সেখ দাবি ১২৵৩ থানা সাগরদীঘি মৌজে ইমামনগর ১১ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ২।৩।৪

৩৮৯ থাং ডিঃ ঐ দেং শ্রীপ্রসাদ দাস দাবি ১২৬।৵০ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ও রতনপুর ২-৮৫ শতকের কাত ২১৲ আঃ ৫০৲ থং রতনপুর ১১৫, ব্রাহ্মণীগ্রাম ২২৮

২৬৫ থাং ডিঃ বিভূতিভূষণ চক্রবর্ত্তী দেং আনোয়ার সেখ দাবি ১৩॥/৯ থানা সাগরদীঘি মৌজে ফুলবন ৩০ শতকের কাত ১॥০ আঃ ১০৲ থং ২৬৭

২৬৬ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সরকার দিং দাবি ২২/০ মৌজাদি ঐ ৭-৭৯ শতকের কাত ৭৮০ আঃ ১০৲ থং ৩৪০

৩৫৯ থাং ডিঃ নীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য দিং দেং জগদীন্দ্রনাথ চৌধুরী দাবি ৪৩॥/০ থানা সাগরদীঘি মৌজে দক্ষিণগ্রাম ১-২৬ শতকের কাত ৬॥৶৯ আঃ ২৫৲ থং ১৩৬

২৯৭ থাং ডিঃ কঃ ম্যাঃ শ্যামাপদ ভট্টাচার্য্য দেং মহাম্মদ ইয়াদ হোসেন দাবি ১২॥৵৩ থানা সাগরদীঘি মৌজে পাউলী ২১ শতকের কাত ১৲ আঃ ১০৲ থং ২৭৪

২৯৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৮৩ মৌজাদি ঐ ১১ শতকের কাত ।৵৬ পাই আঃ ৫৲ থং ২৭৬

৩০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬২৮৩ মৌজাদি ঐ ৩-৩১॥ শতকের কাত ১০৵০ আঃ ৫০৲ থং ২৭০

৩০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯৶৯ মৌজাদি ঐ ৪১ শতকের কাত ২৵৬ আঃ ১৫৲ থং ২৭৭

৩০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪৶৯ মৌজাদি ঐ ১-৮৪ শতকের কাত ৬৮ আঃ ৩০৲ থং২৭৫

৩০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০॥৵০ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ২।০ আঃ ১৫৲ থং ২৮৫

৩০৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৬৮৶/৩ মৌজাদি ঐ ১-৬৬ শতকের কাত ৯৲৯ আঃ ৫০৲ থং ২৭৩

৩০৯ থাং ডিঃ শ্রীমতা শিবরাণী দেবী দেং দেবেন্দ্রনাথ সাহা দাবি ৩৩৮/৬ থানা সাগরদীঘি মৌজে বালিয়া ২১ শতকের কাত ৩॥০ আঃ ৫৲ রায়ত মোকররী থং ৭৬০

৩১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০।/৯ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ৩৲ আঃ ৫৲ রায়ত স্থিতিবান থং ৭৫৯

২০১ থাং ডিঃ নশীপুর রাজ ওয়ার্ড ষ্টেট দেং ধরণীধর ঘোষ দিং দাবি ৮৬৵০ থানা সাগরদীঘি মৌজে ইটোর ৩-৭৯ শতকের কাত ২/৩ আঃ ২৫৲ থং ২১ অধীনস্থ থং ২০০

২৭২ থাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেং উমাচরণ দাস দিং দাবি ২৬॥৶৯ থানা সাগরদীঘি মৌজে গাদী ৬৩ শতকের কাত নিজাংশে ২।/৫ আঃ ১৫৲ থং ১০০

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ব্যবসায়িগণকে জানান যাইতেছে যে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন প্রকিওরমেণ্ট গুদাম হইতে বিভিন্ন ডিষ্ট্রিবিউশন গুদামে এবং এক ডিষ্ট্রিবিউশন গুদাম হইতে অন্য এক ডিষ্ট্রিবিউশন গুদামে খাদ্যশস্য আনয়ন করিবার জন্য দরখাস্ত আহ্বান করিয়া ৭।১।৫২ তারিখে এক বিজ্ঞপ্তি বাহির করা হইয়াছে। ঐ বিজ্ঞপ্তি মহকুমা নিয়ামক, খাদ্যবিভাগ, (বহরমপুর, মুর্শিদাবাদ) এর দপ্তরে দেখিতে পারা যাইবে বা অনুলিপি পাওয়া যাইবে। প্রস্তাবিত দরখাস্তসমূহ ১৯৫২ সনের ২৯শে জানুয়ারী বৈকাল দুই ঘটিকার মধ্যে উক্ত আফিসে দাখিল করিতে হইবে।

---

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২৮শে জানুয়ারী ১৯৫২

১৯৪১ সালের ডিক্রীজারী

৫৪৭ থাং ডিঃ শ্যামাপদ চৌধুরী দিং দেং মহম্মদ হজরত আলি বিশ্বাস দিং দাবি ৬৭৯৮/৩ জেলা মালদহ কালেক্টরীর ১৫৪নং তৌজি ভুক্ত জেলা মুর্শিদাবাদের অধীন থানা সমসেরগঞ্জ পরগণে কাশিমনগর মৌজে ১। শুকদেবপুর, ২। শোভাপুর, ৩। আরাজি শোভাপুর, ৪। মহাশিংপুর, ৫। ঐ ১নং চক, ৬। ঐ ২নং চক, ৭। ঐ ৮নং চক, ৮। মৌজে নওদা রমানাথপুর, ৯। মৌজে দৌলতপুর, ১০। মৌজে দুলাহপুর, ১১। বিশ বিঘী, ১২। মৌজে আরাজি দুলাহপুর, ১৩। ঐ ২নং চক, ১৪। জোতকাশী, ১৫। জোতকাশী ২নং চক, ১৬। ঐ ৩নং চক, ১৭। ঐ ৪নং চক ১৮। ঐ ৫নং চক, ২০। মৌজে জোতকাশী নিকমি আরাজি দিং মধ্যে ৪৭৮৩৮০৭ জমির কাত সামিয়ানা ১৫৫৮৭৬ টাকা ডিক্রীদারকে আদায় দিতে হয় তন্মধ্যে নালিশী জমির খাজনা ৪৭০৮০ ডিক্রীদারের সেরেস্তায় লেখা রায় আঃ ৫৮০৲

---

## বাউলের প্রবেশ

জয় হোক বাবুদের। আমি চিরদিনের ভিক্ষুক। পাঁচ দোরে এক আধটা পদ গেয়ে, দু-এক মুঠো চাল নিয়ে উদরের জ্বালা নিবারণ করি। আজ যে দোরে যাচ্ছি, দেখছি—আমার মত অনেক বাবুও পরের দ্বারস্থ হ'য়ে ভিক্ষা করছেন। আমি চাল ভিক্ষা করি ব'লে আমার নাম ভিকারী। এঁরা চাল মারেন খুব, কিন্তু এঁরা ভিকারী নন শিকারী। আমি প্রত্যক্ষ বুঝতে পারি—কে আমায় ভিক্ষা দিলেন আর কে দিলেন না। এঁরা কিন্তু মেগেই গেলেন! কে যে এঁদের দিলেন, আর কে দিব বলে আপদ বিদায় করলেন, তা কোনও দিন মালুম করতে পারবেন না। আর যাঁরা দিলেন, তাঁদের যদি এঁরা বলেন —তুমি যে আমায় দিয়েছ এর প্রমাণ কি? দাতাও তাঁর দান প্রমাণ করবার সুযোগ পাবেন না। যাকগে ওঁরা বুঝবেন, আর তাঁরা বুঝবেন। আমার ভয় কেবল ঐ চাল-ধরা বাবুদের। ওঁরা কতদিন বাগে পেয়ে ঝোলা শুদ্ধ চাল কেড়ে নিয়েছে। সেই থেকে ভিক্ষার চাল সব বেচে খালি ঝোলা নিয়ে বাড়ী ফিরি। গাঁয়ে এসে চাল কিনে খাই।



"গৌর কিছু দাওছে পুঁজি
এ ভাবে দোকান করি—
অল্প পুঁজির দোকান করলে
লোকে বলে ফেরারী।
তোমার পুঁজি পেলে পরে,
মাল আনিব সস্তা দরে,
ধার বাকিতে দিব ছেড়ে
যা' করেন গৌর হরি।
মাল আনিব জিলিপী খাজা,
লোকে খেয়ে পাবে মজা,
হরিনামের চিনি এনে
ঐ রসে ভিয়ান করি।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২৮শে জানুয়ারী ১৯৫২

১৯৫১ সালের ডিক্রীজারী

২৬৮ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং লক্ষ্মী-নারায়ণ সিংহ দিং দাবি ২০॥৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে বহড়াগাছি ৭৬ শতকের কাত ২॥১০ নিজাংশে ১৫ আঃ ৫৲

২৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৸৯ মৌজাদি ঐ ২৪৩ শতকের কাত ৪॥৵১৮ নিজাংশে ২৶১১ আঃ ১০৲

২৭০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৸৬ মৌজাদি ঐ ৭১ শতকের কাত ১।৵১০ নিজাংশে ॥৶৫ আঃ ৫৲ থং ৯০

৩৬৯ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং শশধর সরকার দিং দাবি ৫২॥৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ১॥৩৲১৮ জমির কাত ৮৵৯ আঃ ৪০৲


৪৪ মনি ডিঃ ঐ দেং আইউব আলি বিশ্বাস দিং দাবি ৬২২॥৵৩ মৌজাদি ঐ ৪/০৯ জমির কাত ৬৲ আঃ ৭৫৲ ২নং লাট মৌজাদি ঐ ৮/০৬ জমির কাত ১২৲ আঃ ১০০৲ ৩নং লাট মৌজাদি ঐ ১৯২॥৵১৭ জমির কাত ৯৬৸৭ তন্মধ্যে ১২/০ জমির কাত ৬৲ আঃ ৫০৲

২৩ মনি ডিঃ কালুরাম আগরওয়ালা দেং ইউসফ আলি খাঁ দাবি ৮৯।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বালঘাটা ২৯৩ শতকের কাত ১৬৸৵০ থং ৫৬৬ রায়ত স্থিতিবান

২২ স্বত্ব ডিঃ কুলসম বিবি দেং সাজিরুদ্দিন নাদাপ দফাদার দাবি ৫৫৵৯ থানা সমসেরগঞ্জ মৌজে চাঁচণ্ড।৪ জমির কাত ৶০ আঃ ১৫৲ থং ২৪৪

৩ অন্য ডিঃ কলিমুদ্দিন নাবাং দেং খুকী বিবি দাবি ২১৲ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর বিবরি ৪॥৩ কাঠার কাত ১০৸৵০ তন্মধ্যে দেন্দারের ১১/৪ অংশ আঃ ২৲ থং ২৫৮০ ২নং লাট মৌজাদি ঐ ১২ শতকের কাত ১।/৪ তন্মধ্যে দেন্দারের ১১/৪ অংশ আঃ ২৲ থং ২৫৮২ ৩নং লাট মৌজাদি ঐ ২॥১ জমির কাত ২॥৶০ তন্মধ্যে দেন্দারের ১১/৪ অংশ আঃ ২৲ থং ৪৬০

৩০ মর্গেজ ডিঃ চাম্পালাল সেরাওগী দেং সিরাজ সেখ দিং দাবি ২৭৫৸০ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ৪৩ শতকের কাত ২।৶০ আঃ ৪০৲ থং ২৬৯ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ৪৸০ আঃ ৫০৲ থং ৩৩৫ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ২ শতকের কাত ১।০ আঃ ৫৲ থং ৩৩৬ ৪নং লাট মৌজাদি ঐ ৫-৩১ শতকের কাত ২৫৸০ তন্মধ্যে ৭৯ শতক আঃ ৫০৲ থং ২৫০ ঐ স্বত্ব




রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত